

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১২. যিনি বলেন, তার উপর কাফফারাহ ওয়াজিব

بَاب مَنْ قَالَ عَلَيْهِ الْكَفَّارَةُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا حَفْصُ بْنُ أَبِي غِيَاثٍ عَنْ الْأَعْمَشِ عَنْ الْحَكَمِ عَنْ
مِقْسَمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ سُئِلَ عَنِ الَّذِي يَأْتِي امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ قَالَ يَتَصَدَّقُ بِدِينَارٍ أَوْ
بِنِصْفِ دِينَارٍ وَقَالَ إِبْرَاهِيمُ يَسْتَغْفِرُ اللَّهُ

বাংলা

১১৪৬. (অপর সনদে) মিকসাম হতে বর্ণিত, 'যে ব্যক্তি তার হাযিযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয়, এমন ব্যক্তি সম্পর্কে ইবনু আব্বাস রাঃরাঃ আনহুমাঃকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, সে এক দীনার কিংবা 'অর্ধ দীনার' সাদাকা করবে।'[1] এবং ইবরাহীম রাঃহিঃ বলেন, সে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করবে।'[2]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। এটি ইবনু আব্বাসের উপর মাওকুফ।

তাখরীজ: ((মুহাক্কিক এর কোনো তাখরীজ দেননি। তবে এর তাখরীজের জন্য ১১৩৯-১১৪৩ ও ১১৪৫ নং হাদীসের তাখরীজ দেখা যেতে পারে। -অনুবাদক))

[2] তাহক্বীক: এ হাদীসটির সনদ আগের হাদীসের সনদের সাথে সংশ্লিষ্ট। আব্দুর রায়যাক নং ১২৬৮ সহীহ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মিকসাম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81429>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন